রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, মার্চ ২৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উপজেলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/০৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.৪৩২.২০১৭-৪০৮—যেহেতু, জনাব মহব্বত জান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা এর বিরুদ্ধে বোরহানউদ্দিন উপজেলা পরিষদের জমি ভূয়া কাগজপত্র তৈরী করে অবৈধভাবে নিজ নামে নিবন্ধন করে নেয়ার অভিযোগের সত্যতা বিভাগীয় কমিশনার, বরিশাল এর তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(গ) এর অপরাধে একই আইনের ধারা ১৩(২) অনুযায়ী কারণ দর্শানোর পরিপ্রেক্ষিতে দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে তিনি তার বিরুদ্ধে আনীত উপজেলা পরিষদের জমি আত্মসাতের অভিযোগ অস্বীকার করলে নালিশী জমির বাস্তব দখল অধিকতর নিশ্চিতকরণার্থে সরেজমিন তদন্ত করে স্কেচম্যাপসহ প্রতিবেদন দেয়ার জন্য জোনাল সেটেলমেন্ট অফিসার, বরিশালকে দায়িত্ব প্রদান করা হয়। জোনাল সেটেলমেন্ট অফিসার, বরিশাল তদন্ত প্রতিবেদন ও স্কেচম্যাপ দাখিল করেন। বিভাগীয় কমিশানর, বরিশাল ও জোনাল সেটেলমেন্ট অফিসার, বরিশাল উভয়ের তদন্তেই বোরহানউদ্দিন উপজেলা পরিষদের সাময়িকভাবে বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব মহব্বত জান চৌধুরীর বিরুদ্ধে আনীত উক্ত উপজেলা পরিষদের নামে রেকর্ডিয় ও ভোগদখলীয় বোরহানউদ্দিন উপজেলার কুতুবা মৌজার ১২৪৯ নং খতিয়ান (এস, এ ৩৮৪) এর ২০৬৯ নং দাগের ০.১৬ একর জমি



মূল্য : টাকা ৪.০০

৪৬৪২/২০১৬ নং দলিলের মাধ্যমে নিজ নামে নিবন্ধন করে আত্মসাৎ করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে উপজেলা পরিষদ চেয়ারম্যান পরিষদের সকল সম্পত্তির রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত। কিন্তু বোরহানউদ্দিন উপজেলা পরিষদ চেয়ারম্যানের দায়িত্ব পালনরত অবস্থায় জনাব মহব্বত জান চৌধুরী উক্ত উপজেলা পরিষদের জমি আত্মসাৎ করেছেন যা অত্যন্ত গর্হিত এবং কোনভাবেই কাম্য নয়। বোরহানউদ্দিন উপজেলা পরিষদের বর্ণিত জমি আত্মসাৎ করা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ডে তিনি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(গ) অনুযায়ী উপজেলা পরিষদের সম্পত্তি আত্মসাতের অভিযোগের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন, সেহেতু সরকার জনস্বার্থে তাঁকে স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মহব্বত জান চৌধুরীকে উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান এর পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd